



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

নং-৪১.০২.০০০০.০০৬.০০.০৪৫.২০২১- ১৫২৬

১৫ অগ্রহায়ণ ১৪২৮
৩০ নভেম্বর ২০২১

বিষয় : আগামী ০৩ ডিসেম্বর ২০২১ তারিখ ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০২১ উদযাপন উপলক্ষ্যে নির্দেশনা প্রদান।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন প্রতিবছর ০৩ ডিসেম্বর আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও জাতীয় প্রতিবন্ধী দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করে আসছে। প্রতিবছরের ন্যায় এ বছরও ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৩তম জাতীয় প্রতিবন্ধী, ২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতিসংঘ কর্তৃক এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে “Leadership and participation of persons with disabilities toward an inclusive, accessible and sustainable post COVID-19 world” যার বাংলায় ভাষান্তর করা হয়েছে :
“কোভিডেত্তর বিশ্বের টেকসই উন্নয়ন,
প্রতিবন্ধী ব্যক্তির নেতৃত্ব ও অংশগ্রহণ”

০৩। জেলা পর্যায়ে এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে ঢাকা জেলা ব্যতিত সকল জেলা প্রশাসকগণ-কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৪। এমতাবস্থায়, যথাযথ স্বাস্থ্য-বিধি অনুসরণপূর্বক জেলা পর্যায়ে (ঢাকা জেলা ব্যতিত) ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৩তম জাতীয় প্রতিবন্ধী, ২০২১ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ১(এক) ফর্দ।


(মো: হাসিনুল হক)
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ৮০৩৫০৪৬

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা / দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র-১০৩টি।

অনুলিপি : সদয় অবগতির জন্য :

১. জেলা প্রশাসক (সকল) ঢাকা জেলা ব্যতিত।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা জেলা ব্যতিত (সকল জেলা)।

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিবন্ধিতা শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

স্মারক নং-৪১.০০.০০০০.০৩৫.২৩.০০২.২১ (অংশ ১)-২৮৮

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪২৮
১৮ নভেম্বর ২০২১

বিষয়: ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস ২০২১ উদযাপন।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র সংখ্যা: ৪১.০০.০০০০.০৩৫.২৩.০০২.২১-২৪৬ (কার্যবিবরণী), তাং-১৯.১০.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শারীরিকভাবে অসম্পূর্ণ বা অসজ্জিতসম্পন্ন মানুষদের প্রতি সহমর্মিতা ও সহযোগিতা প্রদর্শন এবং তাঁদের কর্মকাণ্ডের প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে প্রতিবছর ৩ ডিসেম্বর 'আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস' পালন করা হয়ে থাকে। একই দিনে বাংলাদেশে 'জাতীয় প্রতিবন্ধী দিবস'ও পালিত হয়ে থাকে।

০২। প্রতিবছরের ন্যায় এ বছরও সরকার ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপযাপন করতে যাচ্ছে। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ দিবসের আন্তর্জাতিক মূল প্রতিপাদ্য ("Leadership and participation of persons with disabilities toward an inclusive, accessible and sustainable post-COVID-19 world") এর সঙ্গে সজ্জিত রেখে এবারের প্রতিপাদ্য নির্ধারন করা হয়েছে:

“কোভিডের বিশ্বের টেকসই উন্নয়ন

প্রতিবন্ধী ব্যক্তির নেতৃত্ব ও অংশগ্রহণ”

০৩। প্রতিবন্ধী ব্যক্তির বর্তমান সরকার দেশের প্রতিবন্ধীসহ সমাজের প্রতিটি মানুষকে উন্নয়নের মূল স্রোতে সম্পৃক্ত করতে বদ্ধ পরিকর। প্রতিবন্ধী ব্যক্তিদের অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে সকলের ঐক্যবদ্ধ প্রয়াস অত্যন্ত জরুরী।

০৪। তাঁদের প্রতি সমাজের নেতিবাচক দৃষ্টিভঙ্গি পরিবর্তনের পাশাপাশি তাঁদের শারীরিক, মানসিক উন্নয়ন ও সমৃদ্ধ জীবন গঠনের পথকে প্রসারিত করতে দেশের সকল অংশের সর্বস্তরের জনগোষ্ঠীর মাঝে সচেতনতা সৃষ্টি করা এখন সময়ের দাবী।

০৫। জেলা প্রশাসনের কর্ণধার হিসেবে জেলা ও উপজেলা পর্যায়ে ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০২১ উদযাপনে জন্মপ্রতিনিধি, সমাজকর্মী, মিডিয়া ব্যক্তিত্ব, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর সাথে সমন্বয় করে কোভিড-১৯ এর কারণে সমাবেশ ব্যতীত যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এরশাদ হোসেন খান)

উপসচিব (প্রতিবন্ধিতা)

ফোন: ৯৫৪৬১৩২

E-mail: ershadhossain1974@gmail.com

জেলা প্রশাসক (সকল, ঢাকা জেলা ব্যতিত)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।

৫. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।